গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় শাখা

**বিষয়: মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া<br>সচিব<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২০-০১-২০২৬ |
| সময় | : | বেলা ১২:০০ ঘটিকা |
| বিবেচ্য মাস | : | ডিসেম্বর, ২০২৫ |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর সহকারী সচিব (সমন্বয়) সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী ডিসেম্বর, ২০২৫ মাসের দপ্তর/সংস্থার কার্যক্রম বিষয়ে সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

০২। সভায় গত ২৯-১২-২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন, সংযোজন কিংবা বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| ২.১ | **শ্রম অধিদপ্তরের অর্গানোগ্রাম অনুমোদন:**<br>শ্রম অধিদপ্তরের প্রতিনিধি জানান, শ্রম অধিদপ্তরের অর্গানোগ্রামে মোট ৯২১ জন জনবল রয়েছে এর মধ্যে প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত ১৮টি পদ স্থায়ীকরণ না হওয়ার কারণে অর্গানোগ্রাম অনুমোদন সম্ভব হচ্ছে না। উক্ত ১৮টি পদের মধ্যে অফিস সহায়ক ৬টি পদ গত ০৪/০৮/২০২৫ তারিখে স্থায়ীকরণ করা হয়েছে।<br><br>ডিসপেন্সারি অ্যাটেনডেন্ট পদে ৫টি পদ স্থায়ীকরণের সম্মতি প্রাপ্তির জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে ১৯/১০/২০২৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। এ বিষয়ে ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে আপত্তিপত্র ১৯/১০/২০২৫ তারিখে পুনরায় শ্রম অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ডিসপেন্সারি অ্যাটেনডেন্ট ৫টি পদ দ্রুত সময়ের মধ্যে স্থায়ীকরণের সম্মতি প্রাপ্তির জন্য আপত্তিপত্রের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অবশিষ্ট শ্রম অধিদপ্তরের “পরিসংখ্যান উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও পরিবীক্ষণ কোষ স্থাপন” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত<br>○ উপপরিচালক: ১টি<br>○ শ্রম কর্মকর্তা: ৫টি<br>○ অফিস সহায়ক: ১টি<br>মোট ৭ (সাত)টি পদের স্থায়ীকরণের সম্মতি প্রাপ্তির জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে ০৩/১২/২০২৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া শ্রম অধিদপ্তরের রাজস্বখাতে অস্থায়ীভাবে সৃজিত মোট ২০৯টি পদের মধ্যে ১৩৩টি পদ ০১/০৬/২০২৫ তারিখ হতে ৩১/০৫/২০২৬ তারিখ পর্যন্ত নিয়মিতকরণ ও পদ সংরক্ষণ করা হয়েছে।<br><br>(খ) শ্রম অধিদপ্তরের সাথে কর্মসংস্থান অধিদপ্তরকে যুক্ত করে নতুন শ্রম ও কর্মসংস্থান অধিদপ্তর সৃজনের কাজ সমাপ্ত হলে সাংগঠনিক কাঠামো হালনাগাদ করা হবে।<br>**কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর:**<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি জানান, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রস্তাবিত অর্গানোগ্রাম অনুমোদনের লক্ষ্যে ২১ আগস্ট ২০২৫ তারিখে প্রস্তাবটি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রস্তাব পর্যালোচনা সংক্রান্ত প্রথম সভার | (ক) শ্রম অধিদপ্তরের অর্গানোগ্রাম অনুমোদনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাহিত তথ্যাদি প্রস্তুত করে দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং<br><br>(খ) দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো নিয়মিত হালনাগাদ করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২.সকল দপ্তর/ সংস্থা প্রধান<br>৪. উপসচিব (সংস্থাপন-১)<br>৫. সহকারী সচিব (সংস্থাপন-২) |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| | সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবটি সংশোধনপূর্বক ৩০ নভেম্বর ২০২৫ তারিখে পুনরায় প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | | |
| ২.২ | **শূন্যপদের বিবরণ ও জনবল নিয়োগ:**<br>শ্রম অধিদপ্তরের প্রতিনিধি জানান,<br>(১) বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে দপ্তর/সংস্থার সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে গত ২৯/১২/২০২৫ তারিখে বিভাগীয় নির্বাচন কমিটির সভাপতিত্বে বিভাগীয় নির্বাচন কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে।<br>(২) শ্রম অধিদপ্তরের ৩য় শ্রেণির গ্রেডেশন তালিকার বিষয়ে ২৪/০৯/২০২৫ তারিখ হতে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ একটি মামলা বিচারাধীন রয়েছে এবং উক্ত গ্রেডেশন তালিকার ওপর ১৬/১০/২০২৫ তারিখ হতে স্থগিতাদেশ জারি রয়েছে।<br>(৩) বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে শ্রম অধিদপ্তরের ৪র্থ শ্রেণির গ্রেডেশন তালিকা চূড়ান্ত করে ১২/০১/২০২৬ তারিখে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী গ্রেড ১৭-২০ ভুক্ত কর্মচারীদের সমন্বিত খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করা হয় এবং উক্ত খসড়া তালিকা কমিটি কর্তৃক ১৩/০১/২০২৬ তারিখে শ্রম অধিদপ্তরে দাখিল করা হয়েছে। খসড়া জ্যেষ্ঠতা তালিকাটি ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট কর্মচারীদের নিকট হতে প্রাপ্ত আপত্তি নিষ্পত্তি শেষে চূড়ান্ত করা হবে।<br><br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান,<br>• ৪৪তম বিসিএসের মাধ্যমে ৯ম–১০ম গ্রেডের **১২২টি শূন্যপদ পূরণের জন্য অধিযাচন প্রেরণ করা হয়েছে**।<br>• ১৩–২০তম গ্রেডের **৬২টি শূন্যপদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে**। এ বিষয়ে **০৬ জানুয়ারি ২০২৬** তারিখে বিভাগীয় নিয়োগ কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং **৩১ জানুয়ারি ও ০৬ ফেব্রুয়ারি ২০২৬** তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>• সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য) **১৭টি পদে পদোন্নতির প্রস্তাব বিপিএসসিতে প্রেরণ করা হয়েছে**।<br>• সহকারী মহাপরিদর্শক (সাধারণ) **৬৫টি পদে পদোন্নতির প্রস্তাব** ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখে প্রশাসনিক মন্ত্রণালয়ে এবং ১৫ অক্টোবর ২০২৫ তারিখে বিপিএসসিতে প্রেরণ করা হয়েছে।<br>• সহকারী মহাপরিদর্শক (সেফটি) **৪টি শূন্যপদে ফিডারপদে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন কোনো প্রার্থী নেই**।<br>• শ্রম পরিদর্শক (সাধারণ) **৩টি শূন্যপদে** ফিডারপদে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন কোনো প্রার্থী নেই।<br>• সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর **৩টি শূন্যপদে** ফিডারপদে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন কোনো প্রার্থী নেই।<br>• উচ্চমান সহকারী **২টি পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে** ০২ ডিসেম্বর ২০২৫ তারিখে বিভাগীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং পদোন্নতির নিয়মিতকরণ প্রক্রিয়া চলমান রয়েছে।<br>• অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক **৬০টি পদে পদোন্নতির জন্য জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন লক্ষ্যে কমিটি গঠন করা হয়েছে**। | (১) বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে দপ্তর/সংস্থার সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্যপদে নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;<br><br>(২) পদোন্নতিযোগ্য শূন্যপদে পদোন্নতির কার্যক্রম দ্রুত গ্রহণ করতে হবে; এবং<br><br>(৩)বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে শ্রম অধিদপ্তরের গ্রেডেশন তালিকা দ্রুত চূড়ান্ত করে মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন),<br>২. সকল দপ্তর/ সংস্থা প্রধান |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| | **নিম্নতম মজুরী বোর্ড:**<br>নিম্নতম মজুরী বোর্ডের প্রতিনিধি সভায় জানান, নিম্নতম মজুরী বোর্ডে ৩য় শ্রেণির **০১টি** এবং ৪র্থ শ্রেণির (নিরাপত্তা প্রহরী) **০১টি** শূন্যপদ বিদ্যমান রয়েছে। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও নিরাপত্তা প্রহরী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে জাতীয় দৈনিকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের পত্রের পরিপ্রেক্ষিতে সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয় এবং সংশ্লিষ্ট অর্থ বরাদ্দ প্রাপ্ত হয়েছে। এ প্রেক্ষিতে নিয়োগ কার্যক্রমের অংশ হিসেবে বিভাগীয় নিয়োগ কমিটির (ডিপিসি) সভা আগামী ২৮ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত হবে। এছাড়া ৪র্থ শ্রেণির (নিরাপত্তা প্রহরী) ০১টি পদে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগ প্রদানের জন্য অর্থ মন্ত্রণালয় থেকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে পরবর্তী কাযক্রম চলমান রয়েছে।<br><br>**শ্রম আপীল ট্রাইব্যুনাল ও শ্রম আদালত:**<br>শ্রম আপীল ট্রাইব্যুনাল এবং ১০টি শ্রম আদালতের রাজস্বখাতে গ্রেড ১৩-২০ ভুক্ত সরাসরি নিয়োগযোগ্য বিভিন্ন ক্যাটাগরির **মোট ৪১টি পদের** মধ্যে, ময়মনসিংহ শ্রম আদালত ব্যতীত **৩৪টি পদের নিয়োগপত্র** শ্রম আপীল ট্রাইব্যুনাল ও অন্যান্য শ্রম আদালতে প্রেরণ করা হয়েছে। | | |
| ২.৩ | **ময়মনসিংহ শ্রম আদালত গঠন:**<br><br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ময়মনসিংহ বিভাগে গঠিত ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্র সংক্রান্ত প্রজ্ঞাপন গেজেটে প্রকাশের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মাধ্যমে বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে।<br>শ্রম আপীল ট্রাইব্যুনালের সাংগঠনিক কাঠামোতে নতুন **১টি সদস্য পদ** ও অন্যান্য ক্যাটাগরির **৩টি পদসহ মোট ৪টি পদ সৃজনের** জিও অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন সম্পন্ন হয়েছে। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্রের আওতায় কিশোরগঞ্জ জেলা অন্তর্ভুক্তকরণ বিষয়ে শ্রম আপীল ট্রাইব্যুনাল হতে এ পর্যন্ত কোনো সুনির্দিষ্ট প্রস্তাব পাওয়া যায়নি।<br><br>২. ময়মনসিংহ শ্রম আদালতের চেয়ারম্যান নিয়োগের লক্ষ্যে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি ময়মনসিংহ শ্রম আদালতের চেয়ারম্যান নিয়োগ, অধিক্ষেত্র নির্ধারণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে বিচারিক কার্যক্রম শুরু করার পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (১) ময়মনসিংহ শ্রম আদালতের চেয়ারম্যান নিয়োগের বিষয়ে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে;<br>(২) ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্র নির্ধারণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে বিচারিক কার্যক্রম দ্রুত শুরু করতে হবে; এবং<br>(৩) ময়মনসিংহ শ্রম আদালতের অধিক্ষেত্রের আওতায় কিশোরগঞ্জ জেলা অন্তর্ভুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় প্রস্তাব প্রেরণ করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩. সিনিয়র সহকারী সচিব (আদালত)<br>৪, রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল |
| ২.৪ | **সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা:**<br>সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার ৩য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৩ অক্টোবর, ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। একই সাথে আরএমএস সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে। শীঘ্রই ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১. যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)<br>২. সহকারী সচিব (সমন্বয়) |
| ২.৫ | **জেলাপ্রশাসক সম্মেলন, ২০২৫ এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন:**<br><br>জেলাপ্রশাসক সম্মেলন,২০২৫ এ গৃহীত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত সিদ্ধান্ত অনুযায়ী শ্রমিক অসন্তোষ নিরসনে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যক্রম সম্প্রসারণ এবং 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬' সময়োপযোগীকরণের উদ্যোগ বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এ প্রেক্ষিতে ডিসেম্বর ২০২৫ মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে **০৮ জানুয়ারি ২০২৬** তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১. যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)<br>২. সহকারী সচিব (সমন্বয়) |

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td>২.৬</td><td>

**ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন:**

<table>
<tr><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ডি নথিতে নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত নোটের সংখ্যা</th><th>ডি নথিতে নোট নিষ্পত্তির হার (%)</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td>শ্রম অধিদপ্তর</td><td>০</td><td>২৭৮</td><td>২৭৮</td><td>১০০%</td></tr>
<tr><td>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর</td><td>০</td><td>৩৩</td><td>৩৩</td><td>১০০%</td></tr>
<tr><td>শ্রম আপিল ট্রাইব্যুনাল</td><td>২</td><td>৩২</td><td>৩৪</td><td>৯৪%</td></tr>
<tr><td>নিম্নতম মজুরী বোর্ড</td><td>৬</td><td>৩৪</td><td>৪০</td><td>৮৫%</td></tr>
<tr><td>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন</td><td>২</td><td>২৩</td><td>২৫</td><td>৯২%</td></tr>
<tr><td>কেন্দ্রীয় তহবিল</td><td>০</td><td>১</td><td>০১</td><td>১০০%</td></tr>
</table>

</td><td>(ক) সংশ্লিষ্ট সকলকে ডি-নথিতে ১০০% কাজ করার সক্ষমতা অর্জন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং নির্ধারিত ছকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে; এবং<br>(খ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী ডি-নথিতে শাখাভিত্তিক নিষ্পত্তিযোগ্য নথির তালিকা প্রস্তুত করে ডি-নথির মাধ্যমে সংশ্লিষ্ট নথির শতভাগ নোট নিষ্পত্তি করতে হবে।</td><td>১. সকল দপ্তর/ সংস্থা প্রধান</td></tr>
<tr><td>২.৭</td><td>

**দপ্তর/সংস্থার অভ্যন্তরীণ প্রশিক্ষণ:**

- শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের দক্ষতাবৃদ্ধি, কাজের সুষ্ঠু বাস্তবায়ন ও সেবার মান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ/কর্মশালা খাতের রাজস্ব বাজেটের আওতায় ২০২৫-২৬ অর্থ বছরের বাৎসরিক ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষন প্রদান করা হচ্ছে।
- কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর:<br>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ডিসেম্বর ২০২৫ মাসে ১২৪ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। গতানুগতিক বিষয়ে প্রশিক্ষণ না দিয়ে কার্যকরী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।
- নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। ডিসেম্বর, ২০২৫ মাসে ১২ জনকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। সে অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হবে।
- কেন্দ্রীয় তহবিলের ২০২৫-২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ডিসেম্বর, ২০২৫ মাসে ১৩জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

</td><td>(ক) ২০২৫-২৬ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করতে হবে; এবং<br><br>(খ) গতানুগতিক বিষয়ে প্রশিক্ষণ না দিয়ে কার্যকরী বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে।</td><td>সকল দপ্তর/সংস্থা প্রধান</td></tr>
<tr><td>২.৮</td><td>

**ই-সার্ভিস কার্যক্রম বাস্তবায়ন ও তথ্য বাতায়ন হালনাগাদকরণ:**

**১. শ্রম অধিদপ্তর:**

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি ইতোমধ্যে ডি-নথি সিস্টেমের সঙ্গে ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে। ট্রায়াল রান হিসেবে ১২/১০/২০২৫ তারিখে সফটওয়্যারটি চালু করে এর লিংক শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয় এবং সফটওয়্যারটির মাধ্যমে শ্রম অধিদপ্তরের

</td><td>(ক) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের সাথে ডি-নথির সকল ইন্টিগ্রেশন ও প্রয়োজনীয় টেস্টিং সম্পন্ন করে লাইভ করার উদ্যোগ নিতে হবে;</td><td>সকল দপ্তর/ সংস্থা প্রধান</td></tr>
</table>

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| | আওতাধীন RTU দপ্তরসমূহে পরীক্ষামূলকভাবে ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে।<br>২. **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর:** Labour Inspection Management Application (LIMA)-এর সঙ্গে ডি-নথি সিস্টেমের সকল ইন্টিগ্রেশন ও প্রয়োজনীয় টেস্টিং সম্পন্ন করে সফটওয়্যারটি লাইভে চালু করা হয়েছে। এছাড়া, Labour Inspection Management Application (LIMA) ভার্সন–২ ও মোবাইল অ্যাপ প্রস্তুতকরণ বিষয়ে ILO প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করা হয়েছে। ILO প্রতিনিধি জানিয়েছেন যে, এ লক্ষ্যে জানুয়ারি মাসের শেষ নাগাদ ভেন্ডর অনবোর্ড করা হবে।<br>৩. **নিম্নতম মজুরী বোর্ড:** নিম্নতম মজুরি বোর্ডের জন্য একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ প্রস্তুতের লক্ষ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পাশাপাশি নিয়মিতভাবে তথ্য বাতায়ন হালনাগাদ করা হচ্ছে। এছাড়া, myGov প্ল্যাটফর্মে 'মজুরি সংক্রান্ত তথ্য প্রদান' শীর্ষক একটি সেবা চালু রয়েছে। অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীকে GEMS ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>৪. **বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন:** অনলাইনে আর্থিক অনুদানের আবেদন গ্রহণ ও আর্থিক সহায়তা প্রদানের সফটওয়্যারের প্রোটোটাইপ প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং বর্তমানে টেস্টিং পর্যায়ে রয়েছে। সফটওয়্যারের ভ্যালিডেশন কর্মশালা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, **২১ জানুয়ারি** সফটওয়্যারের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এছাড়া, বিসিসি থেকে হোস্টিং সার্ভারের আইডি ও পাসওয়ার্ড প্রাপ্তির প্রক্রিয়া চলমান রয়েছে।<br>৫. **কেন্দ্রীয় তহবিল:** অনলাইনে আর্থিক অনুদানের আবেদন গ্রহণ ও আর্থিক সহায়তা প্রদানের সফটওয়্যারের প্রোটোটাইপ প্রস্তুতি সম্পন্ন হয়েছে এবং বর্তমানে টেস্টিং পর্যায়ে রয়েছে। প্রাথমিকভাবে সফটওয়্যারের ডোমেইনের নামকরণ করা হয়েছে www.labourwelfare.gov.bd। চলতি মাসে কেন্দ্রীয় তহবিলের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য উক্ত সফটওয়্যারের ওপর এক বা একাধিক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। | (খ) লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA) ভার্সন-২ ও মোবাইল অ্যাপ প্রস্তুতের বিষয়ে ILO এর সাথে যোগাযোগ করে দ্রুত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে;<br>(গ) GIZ-এর সহযোগিতায় চলমান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং কেন্দ্রীয় তহবিল-এর অনলাইন বেইজ সিস্টেম স্টেকহোল্ডার ভেলিডেশন ও বিসিসি সার্ভারে হোস্ট করে লাইভ করার উদ্যোগ নিতে হবে; এবং<br>(ঘ) নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নির্ধারিত সকল সেক্টরের মজুরির একটি ডাটাবেজ মন্ত্রণালয়ের আইসিটি সেলের সহযোগিতায় প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করতে হবে। | |
| ২.৯ | **শ্রম আপিল ট্রাইব্যুনালের মামলা নিষ্পত্তি:**<br>শ্রম আপিল ট্রাইব্যুনালের প্রতিনিধি জানান, শ্রম আপিল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতসমূহের ডিসেম্বর/২০২৫ মাস পর্যন্ত ২৬৫৭৬ টি মামলা অনিষ্পন্ন রয়েছে। ডিসেম্বর, ২০২৫ মাসে ৪৩২৬ টি মামলা দায়ের করা হয়েছে এবং ২৪১ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে।<br>সভাপতি শ্রম আপিল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতসমূহে কর্মরত বিজ্ঞ বিচারকদের সাথে মতবিনিময় ও সমন্বয় জোরদারের লক্ষ্যে একটি সভা আয়োজনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) শ্রম আপিল ট্রাইব্যুনাল ও শ্রম আদালতসমূহে কর্মরত বিজ্ঞ বিচারকদের সাথে মতবিনিময় ও সমন্বয় জোরদারের লক্ষ্যে একটি সভা আয়োজন করতে হবে; এবং<br>(খ) মামলা নিষ্পত্তির হার বৃদ্ধিতে বিচারিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মামলা নিষ্পত্তির সঠিক তথ্য প্রদত্ত ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২.উপসচিব (আদালত)<br>৩. রেজিস্ট্রার, শ্রম আপিল ট্রাইব্যুনাল |

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td>২.১০</td><td>
আদালতে চলমান মামলা মনিটরিং:<br>
(১) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>আদালতের নাম</th><th>বিবেচ্য মাসে দায়ের কৃত মামলার সংখ্যা</th><th>বিবেচ্য মাসের পূর্ব পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা</th><th>মামলার মোট সংখ্যা (২+৩)</th><th>বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>বিবেচ্য মাসের শেষ কর্মদিবসে অনিষ্পন্ন মামলার সংখ্যা (৪-৫)</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>আপিল বিভাগ</td><td>-</td><td>০৭</td><td>০৭</td><td>-</td><td>০৭</td></tr>
<tr><td>হাইকোর্ট বিভাগ</td><td>-</td><td>৯৬</td><td>৯৬</td><td>-</td><td>৯৬</td></tr>
<tr><td>প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনাল</td><td>-</td><td>০১</td><td>০১</td><td>-</td><td>০১</td></tr>
<tr><td>প্রশাসনিক ট্রাইব্যুনাল</td><td>-</td><td>০১</td><td>০১</td><td>-</td><td>০১</td></tr>
<tr><td>শ্রম আদালত</td><td>২০২</td><td>৩০২৬</td><td>৩২২৮</td><td>৫০</td><td>৩১৭৮</td></tr>
</table>
(খ) শ্রম অধিদপ্তরের মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>নং</th><th>আদালতের নাম</th><th>মোট রজুকৃত/ দায়েরকৃত মামলা</th><th>নিষ্পন্ন</th><th>অনিষ্পন্ন</th></tr>
<tr><td>১</td><td>আপিল বিভাগ</td><td>০৩</td><td>০২</td><td>০১</td></tr>
<tr><td>২</td><td>হাইকোর্ট বিভাগ</td><td>২০৬</td><td>৪০</td><td>১৬৬</td></tr>
<tr><td>৩</td><td>শ্রম আদালত সমূহে</td><td>৫৯৫</td><td>১৮০</td><td>৪১৫</td></tr>
</table>
(ঘ) বর্তমানে শ্রম অধিদপ্তর সংশ্লিষ্ট কোন আদালত অবমাননা মামলা (Contempt) বিচারাধীন নেই।
</td><td>
(ক) রিট মামলাসহ অন্যান্য মামলার বিষয়ে আদালতে নিয়মিত যোগাযোগ রাখতে হবে;<br>
(খ) আদালত ভিত্তিক মোট কতটি মামলা চলমান রয়েছে, মামলার বর্তমান অবস্থা, সরকারের বিপক্ষে রায়কৃত মামলা যথাসময়ে আপিল করা হয়েছে কি-না ইত্যাদির তথ্য ছক আকারে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে;<br>
(গ) আদালত অবমাননা (Contempt) মামলা হলে তা তাৎক্ষণিক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং মামলার বিষয়ে আদালতে যোগাযোগ রাখতে হবে।
</td><td>
১.অতিরিক্ত সচিব (শ্রম)<br>
২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>
৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>
৪. সিনিয়র সহকারী সচিব (আইন)
</td></tr>
<tr><td>২.১১</td><td>
অডিট আপত্তি নিষ্পত্তি:<br>
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর:<br>
(ক) আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে ৯টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনের পরিবর্তে পুনরায় ব্রডশিট জবাব সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে আগষ্ট/২৫ মাসে প্রেরণ করা হয়েছে।<br>
(খ) দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করা হচ্ছে।<br>
শ্রম অধিদপ্তর:<br>
(ক) শ্রম অধিদপ্তরের ২০১৮-১৯ অর্থ-বছরের রাজস্ব খাতের অডিট আপত্তিসমূহের ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>
(গ) দপ্তর/সংস্থার অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:
<table>
<tr><th>সংস্থার নাম</th><th>অডিট আপত্তির সংখ্যা</th><th>টাকার পরিমাণ (লক্ষ টাকায়)</th><th>ব্রডশিটে জবাবের সংখ্যা</th><th>নিষ্পত্তির সংখ্যা</th><th>জের</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর</td><td>৬০</td><td>২৩৩৫.৩৭</td><td>-</td><td>-</td><td>৬০</td></tr>
<tr><td>শ্রম অধিদপ্তর</td><td>৩১</td><td>৩১১০৮.৭৮</td><td>৩১</td><td>-</td><td>৩১</td></tr>
<tr><td>নিম্নতম মজুরী</td><td>০২</td><td>৬.১১</td><td>০২</td><td>-</td><td>০২</td></tr>
</table>
</td><td>
(ক) আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে অডিট-আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সময়াবদ্ধ সংস্কার কর্মপরিকল্পনা গ্রহণ এবং দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন করে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>
(খ) দপ্তর/ সংস্থার অডিট আপত্তিসমূহ সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরের সফটওয়্যারে এন্ট্রিকৃত অডিট আপত্তির সাথে সমন্বয় করতে হবে; এবং<br>
(গ) স্ব স্ব দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ ও উহার অগ্রগতি ছক আকারে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।
</td><td>
১.অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>
২. সকল দপ্তর/সংস্থা প্রধান<br>
৩। যুগ্মসচিব (বাজেট)
</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/<br>কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td></td><td><table>
<tr><td>বোর্ড</td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
<tr><td>শ্রম আপীল ট্রাইব্যুনাল</td><td>০৩</td><td>৪৯.১৯</td><td>০২</td><td>-</td><td>০৩</td></tr>
<tr><td>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন</td><td>০৫</td><td>৪০৪২.০৭</td><td>০৫</td><td>-</td><td>০৫</td></tr>
</table></td><td></td><td></td></tr>
<tr><td>২.১২</td><td>জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI):<br>(ক) NOSHTRI পরিচালনা নীতিমালা এবং গবেষণা নীতিমালা দ্রুত প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির সভা ০৪/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভার নির্দেশনার আলোকে পরিবর্তিত খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে, যা কারিগরি কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।<br>(খ) NOSHTRI-তে পরিচালিত প্রশিক্ষণ মডিউলসমূহ ১১/১২/২০২৫ তারিখে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(গ) NOSHTRI-তে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে ৫২টি প্রশিক্ষণের মাধ্যমে ১,২০৬ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছে। এছাড়া, ইনস্টিটিউটের আবাসিক ভবনসমূহের শ্রেণি নির্ধারণের জন্য গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী-তে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি বলেন, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NOSHTRI)-এর প্রশিক্ষণ কার্যক্রমকে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে প্রশিক্ষণ মডিউল আধুনিকায়ন, প্রশিক্ষকগণের সক্ষমতা বৃদ্ধি এবং অবকাঠামোগত ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা জোরদার করা প্রয়োজন। তিনি আরও উল্লেখ করেন যে, আইএলওসহ অন্যান্য উন্নয়ন সহযোগী সংস্থার কারিগরি ও আর্থিক সহায়তা গ্রহণের মাধ্যমে NOSHTRI-কে একটি মানসম্মত জাতীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলা যেতে পারে। পাশাপাশি, অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান যেন এ ইনস্টিটিউটে প্রশিক্ষণ আয়োজন করতে পারে, সে লক্ষ্যে প্রয়োজনীয় নীতিমালা ও সুবিধাদি প্রণয়নের ওপর গুরুত্বারোপ করেন।</td><td>(ক) NOSHTRI পরিচালনা নীতিমালা এবং গবেষণা নীতিমালা দ্রুত প্রণয়ন করতে হবে;<br>(খ)NOSHTRI-তে পরিচালিত প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করে দ্রুত প্রেরণ করতে হবে;<br>(গ)NOSHTRI-তে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং আবাসিক ভবনসমূহের শ্রেণি নির্ধারণ করতে হবে; এবং<br>(ঘ) NOSHTRI-এর প্রশিক্ষণ কার্যক্রম আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য প্রয়োজনীয় নীতি, প্রশিক্ষক সক্ষমতা বৃদ্ধি ও অন্যান্য প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>১.অতিরিক্ত সচিব (শ্রম)<br>২. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৩. সিনিয়র সহকারী সচিব (আইন)</td></tr>
<tr><td>২.১৩</td><td>কারখানা/প্রতিষ্ঠান পরিদর্শন, লাইসেন্স প্রদান/লাইসেন্স নবায়ন ও কমপ্লায়েন্স নিশ্চিতকরণ:<br>(ক) কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান<br>(১) নতুন লাইসেন্স: আবেদন (জেরসহ)-২,৯১৪টি, অনুমোদিত- ১,৫২৫টি<br>(২) নবায়ন: আবেদন (জেরসহ) – ১২,০৮১টি, অনুমোদিত – ৫,৩০১টি<br>(খ) ঠিকাদারি ও আউটসোর্সিং লাইসেন্স প্রদান<br>(১) নতুন লাইসেন্স: আবেদন-১২, অনুমোদন-১৬ (বর্তমান ও পূর্ববর্তী মাসসহ), কার্যক্রম চলমান- ৮৯, নামঞ্জুর -১<br>(২) নবায়ন: আবেদন- ২৪, অনুমোদন-৩২ (বর্তমান ও পূর্ববর্তী মাসসহ), কার্যক্রম চলমান -১৯৫, নামঞ্জুর - ০<br>(গ) সারাদেশে অবস্থিত দোকানসমূহের সার্ভে করার প্রক্রিয়া চলমান রয়েছে।</td><td>(ক) বিধি মোতাবেক অনলাইনে সকল লাইসেন্স প্রদান ও নবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত পরিসংখ্যান প্রত্যেক সমন্বয় সভায় ছক আকারে উপস্থাপন করতে হবে; এবং<br>(খ) সারাদেশে অবস্থিত দোকানসমূহের সার্ভে করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর</td></tr>
<tr><td>২.১৪</td><td>ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন:<br>শ্রম অধিদপ্তরের প্রতিনিধি জানান, শ্রম অধিদপ্তর কর্তৃক ডিসেম্বর, ২০২৫ মাসে ১৯৯টি আবেদনের মধ্যে ৪১টি রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। ৭৪টি আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে। অবশিষ্ট ৮৪টি আবেদন প্রক্রিয়াধীন রয়েছে। ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন সেবা সংক্রান্ত তথ্য ছক আকারে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।</td><td>(ক) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে; এবং<br>(খ) ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন</td><td>মহাপরিচালক, শ্রম অধিদপ্তর</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td></td><td></td><td>সেবা সংক্রান্ত তথ্য ছক আকারে প্রদান করতে হবে।</td><td></td></tr>
<tr><td>২.১৫</td><td>শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন:<br>উপসচিব (নারী ও শিশুশ্রম শাখা) জানান,<br>(ক) জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন:<br>• জাতীয় কর্মপরিকল্পনা ২০২১-২০২৫ এর অগ্রগতি পর্যালোচনা এবং সুপারিশসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে;<br>• বিভাগীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করা হচ্ছে; ইতোমধ্যে ১১ ডিসেম্বর ২০২৫ চট্টগ্রাম এবং ০৮ জানুয়ারি ২০২৬ রাজশাহীতে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে; এবং<br>• জাতীয় কর্মপরিকল্পনা ২০২৬-২০৩০ এর সময়সীমা বর্ধিতকরণের জন্য ৩৯৯ সংখ্যক স্মারকে ১২ সদস্যবিশিষ্ট খসড়া প্রণয়ন কমিটি গঠন করা হয়েছে। কমিটি ইতোমধ্যে একাধিক সভা করেছে এবং খসড়া প্রণয়নের কাজ চলমান; পরবর্তীতে চূড়ান্ত প্রণয়ন করা হবে।<br><br>(খ) সচেতনতা বৃদ্ধি ও প্রচারণা:<br>• মাঠ পর্যায়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উদ্বুদ্ধকরণ সভা পরিচালনা হচ্ছে; জুলাই–ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ৪১৬টি সভা অনুষ্ঠিত হয়েছে; এবং<br>• বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস–২০২৫ উপলক্ষে তৈরিকৃত TV Spot বিভিন্ন সম্প্রচারে প্রচারিত এবং ২১টি জাতীয় পত্রিকায় বিশেষ বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে।<br><br>(গ) ভবিষ্যৎ কার্যক্রম ও সহায়তা:<br>• কারিগরি সহায়তা ও কার্যক্রম অব্যাহত রাখতে ইউনিসেফসহ উন্নয়ন সহযোগীদের সঙ্গে যোগাযোগ চলছে।</td><td>(ক) জাতীয় কর্মপরিকল্পনা ২০২১-২০২৫ এর বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আয়োজিত কর্মশালার সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে;<br><br>(খ) সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গণমাধ্যম ও কমিউনিটি পর্যায়ে প্রচারণা কার্যক্রম গ্রহণের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে; এবং<br><br>(গ) ভবিষ্যৎ কার্যক্রম গ্রহণ ও কারিগরি সহায়তা অব্যাহত রাখতে ইউনিসেফসহ উন্নয়ন সহযোগীদের সঙ্গে সমন্বয় বজায় রাখতে হবে।</td><td>১.অতিরিক্ত সচিব (শ্রম)<br>২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>৩. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>৪.উপসচিব (নারী ও শিশুশ্রম শাখা)</td></tr>
<tr><td>২.১৬</td><td>মজুরি নির্ধারণ/পুনঃনির্ধারণ:<br>উপসচিব (মজুরী বোর্ড শাখা) সভায় অবহিত করেন যে, নিম্নতম মজুরী বোর্ডের অধীনে ন্যূনতম মজুরি নির্ধারণের লক্ষ্যে বর্তমানে মোট ৯টি শিল্প সেক্টরের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া, মালিক ও শ্রমিক প্রতিনিধির পদ শূন্য থাকার কারণে ৭টি শিল্পে মজুরি নির্ধারণ প্রক্রিয়া স্থগিত রয়েছে। উপরন্তু, মেয়াদ ৩ বছর অতিক্রান্ত হওয়ায় আরও ১৪টি শিল্পের মজুরি পুনঃনির্ধারণের প্রয়োজন দেখা দিয়েছে। এসব শিল্পে মজুরি পুনঃনির্ধারণ দ্রুত সম্পন্ন করা প্রয়োজন, যাতে শ্রমিকদের জীবনমান উন্নয়ন ও শ্রম-বাজারের স্বাভাবিক কার্যক্রম বজায় থাকে।<br><br>তিনি আরো বলেন, বেকারি বিস্কুট ও কনফেকশনারি এবং ফার্মাসিউটিক্যালস শিল্পে নিয়োজিত শ্রমিকদের ন্যূনতম মজুরি হার নির্ধারণের গেজেট প্রকাশের জন্য প্রজ্ঞাপন বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি মজুরি নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম এগিয়ে নেওয়ার লক্ষ্যে মালিক/শ্রমিক প্রতিনিধিদের শূন্য পদসমূহে দ্রুত প্রতিনিধি মনোনয়ন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) বিধি মোতাবেক চলমান ০৭টি শিল্প সেক্টরের মজুরি পুন:নির্ধারণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে;<br><br>(খ) মালিক/শ্রমিক প্রতিনিধির পদ শূন্য থাকা ০৮টি শিল্পে দ্রুত প্রতিনিধি মনোনয়ন/ পুনঃনিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br><br>(গ) বেকারি বিস্কুট ও কনফেকশনারি এবং ফার্মাসিউটিক্যালস শিল্পে নিয়োজিত শ্রমিকদের ন্যূনতম মজুরি হার গেজেট প্রকাশের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</td><td>১. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>২. চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড<br>৩.উপসচিব (মজুরি শাখা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র: নং</th><th>গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে</th></tr>
<tr><td>২.১৭</td><td>বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের অর্থ প্রাপ্তি ও অনুদান প্রদান:<br>মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের অর্থ আদায়, অনুদান প্রদান এবং স্থিতির পরিমাণের তথ্যাদি সভায় উপস্থাপন করেন।<br><table>
<tr><td colspan="4">ডিসেম্বর, ২০২৫</td></tr>
<tr><td>তহবিল প্রাপ্তি</td><td colspan="3">৮ কোটি ১৩ লক্ষ টাকা।</td></tr>
<tr><td>অনুদান প্রদান</td><td colspan="3">এ মাসে কোন অনুদান প্রদান করা হয়নি।</td></tr>
<tr><td rowspan="2">স্থিতির পরিমাণ</td><td>এফডিআর</td><td>মাদার একাউন্ট</td><td>সর্বমোট স্থিতি</td></tr>
<tr><td>১১৬১ কোটি টাকা</td><td>২২৭ কোটি ১৭ লক্ষ</td><td>১৩৮৮ কোটি ১৭ লক্ষ</td></tr>
</table><br>(খ) এ পর্যন্ত মোট ৫৬৪টি কোম্পানি/প্রতিষ্ঠান অর্থ জমা প্রদান করেছে<br>(গ) বাংলাদেশ শ্রমকি কল্যাণ ফাউন্ডেশন থেকে ১,০০৪ জন মৃত শ্রমিকের পরিবারকে ৮,৫৭,২০,০০০/- টাকা, ২৮,৯৩৩ জন শ্রমিককে চিকিৎসা সহায়তা হিসেবে ১৩২,৪৬,৫৮,৩৫৫/- টাকা এবং ১,৮৮৭ জন শ্রমিকের সন্তানকে শিক্ষা সহায়তা হিসেবে ৭,৩৯,৯৫,০০০/- টাকাসহ সর্বমোট ৩১,৮২৪ জনকে ১৪৮,৪৩,৭৩,৩৫৫/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।</td><td>(ক) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ মেনে অর্থ আদায় ও অনলাইনে অনুদান প্রদানের অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;<br>(খ) অর্থ জমাদানকারী কোম্পানি/প্রতিষ্ঠানের তালিকা হালনাগাদ এবং অনাদায়ী প্রতিষ্ঠানসমূহকে দ্রুত অর্থ জমাদানে উৎসাহিত/নোটিশ প্রদান করতে হবে;<br>(গ) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের তহবিল সম্পর্কে শ্রমিকদের সচেতনতা বৃদ্ধি ও তথ্য সরবরাহের জন্য কার্যকর প্রচার প্রচারণা পরিচালনা করতে হবে; এবং<br>(ঘ) তহবিলের আয়ের উৎস বৃদ্ধি এবং অর্থের কার্যকর ব্যবহার নিশ্চিত করার জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>১. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর<br>২. মহাপরিচালক, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন</td></tr>
<tr><td>২.১৮</td><td>কেন্দ্রীয় তহবিলের অর্থ আদায় ও অনুদান প্রদান:<br>মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল জানান, ডিসেম্বর, ২০২৫ মাসে ৭ কোটি ৭৪ লক্ষ ৪৭ হাজার টাকা অর্থ প্রাপ্তি হয়েছে। ডিসেম্বর, ২০২৫ মাসে চিকিৎসা সহায়তা হিসেবে ৫,৯৭৫ জনকে ১২,১৬,১১,০০০/- টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। বর্তমান স্থিতির পরিমাণ সর্বমোট ২৮০ কোটি ৬০ লক্ষ ২৮ হাজার ১০০ টাকা।<br>সভাপতি, কেন্দ্রীয় তহবিল সম্পর্কে শ্রমিকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম জোরদারকরণ, এ ক্ষেত্রে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং তহবিলের আয় বৃদ্ধির সম্ভাব্য নতুন উৎস চিহ্নিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে তিনি বলেন যে, ২০২৫–২৬ অর্থবছরে তহবিলের অর্থ আদায়ের পরিমাণ পূর্ববর্তী অর্থবছরসমূহের তুলনায় কম হওয়ায় প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম জোরদার করা প্রয়োজন। এ লক্ষ্যে প্রচার কার্যক্রমে ব্যবহারের জন্য লিফলেট প্রণয়ন ও বিতরণ বাবদ প্রয়োজনীয় অর্থ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন থেকে ব্যয়ের বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন।</td><td>ক) কেন্দ্রীয় তহবিলে এ পর্যন্ত কতটি প্রতিষ্ঠান আর্থিক সহায়তা প্রদান করেছে বছরভিত্তিক তার তালিকা সংগ্রহপূর্বক সার্বিক অগ্রগতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;<br>(খ) কেন্দ্রীয় তহবিল সম্পর্কে শ্রমিকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম জোরদারকরণ, উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ এবং তহবিলের আয় বৃদ্ধির সম্ভাব্য উৎস চিহ্নিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(গ) শ্রমিকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম জোরদার করতে লিফলেট প্রণয়ন ও বিতরণের প্রয়োজনীয় ব্যয় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে নির্বাহ করতে হবে।</td><td>মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল</td></tr>
</table>

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| ২.১৯ | **শ্রমজীবী মহিলা হোস্টেল হস্তান্তর ও নীতিমালা প্রণয়ন:**<br>শ্রম অধিদপ্তরের প্রতিনিধি জানান, শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন হস্তান্তর বিষয়ে-<br>**শ্রমজীবী মহিলা হোস্টেল: হস্তান্তর ও নীতিমালা প্রণয়ন অগ্রগতি**<br>**(ক) হোস্টেল ভবন হস্তান্তর ও পরিদর্শন:**<br>• চট্টগ্রামস্থ কালুরঘাটে নির্মিত শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন বুঝে নেওয়ার লক্ষ্যে **১১/১১/২০২৫** তারিখে মন্ত্রণালয়ের সভা অনুষ্ঠিত হয়।<br>• সিদ্ধান্ত মোতাবেক, অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তক আহবায়ক করে **৭ সদস্যবিশিষ্ট কমিটি** গঠন করা হয়।<br>• কমিটি ইতোমধ্যে **২৯/১২/২০২৫** এবং **১১/০১/২০২৬** তারিখে সভা করে প্রকল্পের ডিপিপি ও অন্যান্য রেকর্ড পর্যালোচনা করেছে।<br>• কমিটির ৩ জন সদস্য (যার মধ্যে ২ জন প্রকৌশলী) **১৩/০১/২০২৬** তারিখে সরেজমিন পরিদর্শন করে কাজের তালিকা ও সম্পাদনযোগ্য কাজের তালিকা প্রস্তুত করবে।<br>**(খ) শ্রমজীবী নারী হোস্টেল নীতিমালা ২০২৫ প্রণয়ন:**<br>• সচিব মহোদয়ের সভাপতিত্বে **০২/১২/২০২৫** তারিখে নীতিমালা প্রণয়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।<br>• নির্দেশনা অনুযায়ী, শ্রম অধিদপ্তর কর্তৃক মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও ব্র্যাক NGO-র হোস্টেল সরেজমিন পরিদর্শন ও ১৫ কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য **৩ সদস্যবিশিষ্ট কমিটি** গঠন করা হয়।<br>কমিটি প্রতিবেদন দাখিল করে (**০৫/০১/২০২৬**) এবং সংশোধিত "শ্রমজীবী নারী হোস্টেল পরিচালনা নীতিমালা, ২০২৫" **০৮/০১/২০২৬** তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | (ক) চট্টগ্রামস্থ কালুরঘাটে নির্মিত শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন ঠিকাদারি প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা হতে শ্রম অধিদপ্তরের নিকট হস্তান্তরের বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>(খ) শ্রমজীবী মহিলা হোস্টেল ভবন পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত নীতিমালা দ্রুত অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (শ্রম)<br>২.মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>৩.যুগ্মসচিব (উন্নয়ন অনুবিভাগ)<br>৪. উপসচিব (শ্রম)<br>৫. সিনিয়র সহকারী সচিব (আইন) |
| ২.২০ | **অনিষ্পন্ন বিষয়:**<br>শ্রম অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবন পুনঃব্যবহার উপযোগিতা মূল্যায়ন করার বিষয়ে-<br>**(ক) কাঠামোগত মূল্যায়ন ও সিদ্ধান্ত:**<br>• ঢাকার মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবন পুনঃব্যবহার উপযোগী করার বিষয়ে **প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর** থেকে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়।<br>• **০৯/০৯/২০২৫** তারিখে গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধির সহিত শ্রম অধিদপ্তরের মহাপরিচালকের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়।<br>• কাঠামোগত মূল্যায়নের ভিত্তিতে ভবনের স্থায়ীত্ব বৃদ্ধির জন্য **রেট্রোফিটিং করার সিদ্ধান্ত** গৃহীত হয়।<br>**(খ) খরচের প্রাক্কলন:**<br>• **নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঢাকা গণপূর্ত বিভাগ-১** থেকে শ্রম অধিদপ্তরের আওতাধীন মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবনের রেট্রোফিটিং কাজের **প্রাক্কলিত খরচ:** ৬,৭৫,৫২,৪০১.২১ টাকা (ছয় কোটি পঁচাত্তর লক্ষ বাহান্ন হাজার চারশত এক দশমিক দুই এক) ।<br>**(গ) জমি নামজারীর প্রক্রিয়া:**<br>• পুরাতন শ্রম ভবনের জমি **মহাপরিচালক, শ্রম অধিদপ্তর** এর নামে নামজারী করার জন্য জেলা প্রশাসক ও ভূমি অফিসের সঙ্গে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>• জেলা প্রশাসকের কার্যালয় থেকে সংশ্লিষ্ট **খতিয়ান ও ম্যাপ** ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে।<br>সভাপতি, মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবনটি সরেজমিনে পরিদর্শন শেষে ভবনটির | (ক) ঢাকার মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবনটি পুনরায় ব্যবহার উপযোগীর বিষয়ে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ও বুয়েট হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী করণীয় সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে;<br>(খ শ্রম ভবনের জমিটি সরকারের খাস খতিয়ান হতে কর্তন করে মহাপরিচালক, শ্রম অধিদপ্তরের নামে জরুরিভিত্তিতে নামজারির ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং<br>(গ) মতিঝিলস্থ পুরাতন শ্রম ভবন পরিত্যক্ত ঘোষণা এবং সেখানে নতুন ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাই ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর<br>৩. সহকারী সচিব (সংস্থাপন-২), |

| ক্র: নং | গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|
| | বর্তমান অবস্থা ও ব্যবহারযোগ্যতা বিবেচনায় নিয়ে ভবনটি পরিত্যক্ত ঘোষণা করে উক্ত স্থানে নতুন ভবন নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পরামর্শ প্রদান করেন। | | |
| ২.২১ | **বিবিধ:**<br>সভাপতি দেশের সার্বিক শ্রম পরিস্থিতি, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন এবং পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে শ্রমখাতে সম্ভাব্য যে কোনো ধরনের অস্থিরতা ও শ্রম অসন্তোষ প্রতিরোধের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, ঈদুল ফিতরের পূর্বে শ্রমিকদের বকেয়া বেতন, মজুরি ও উৎসব ভাতা মালিকপক্ষ কর্তৃক যথাসময়ে পরিশোধ নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করে সভা (ভার্চুয়াল) আয়োজনের বিষয়ে তিনি অভিমত ব্যক্ত করেন।<br><br>(খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি জানান, অধিদপ্তরের নাম **"শ্রম পরিদর্শন অধিদপ্তর (Labour Inspection Department)"** করার প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও পবিত্র ঈদুল ফিতরকে সামনে রেখে শ্রমিকদের বকেয়া বেতন ও উৎসব ভাতা যথাসময়ে পরিশোধ নিশ্চিতকরণ এবং শ্রম অসন্তোষ প্রতিরোধের লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ও শ্রম অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিয়ে একটি সভা (ভার্চুয়াল) আয়োজন করতে হবে; এবং<br><br>(খ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নামকরণ "শ্রম পরিদর্শন অধিদপ্তর (Labour Inspection Department)" করার বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১. উপসচিব (শ্রম)<br>২. উপসচিব (সংস্থাপন-১) |

৩। অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত**
**০১/০২/২০২৬**
**(ড. মোঃ সানোয়ার জাহান ভুঁইয়া)**
সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়